গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
বিএসএল অফিস কমপ্লেক্স, ভবন-০২ (লেভেল-৪,৫,৬)
১১৯ কাজী নজরুল ইসলাম সড়ক, ঢাকা-১০০০।
www.bfsa.gov.bd

সভাপতি : আব্দুন নাসের খান
সচিব, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
সভার তারিখ : ২২/১২/২০২২ খ্রি:
সভার সময় : বিকাল ৩.০০ টা
স্থান : কর্তৃপক্ষের সম্মেলন কক্ষ (৬০৮)

অদ্য ২২/১২/২০২২ তারিখ বৃহস্পতিবার বিকাল ৩.০০ টায় কর্তৃপক্ষের সম্মেলন কক্ষে (৬০৮) সচিব, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ এর সভাপতিত্বে ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মপরিকল্পনা অনুযায়ী বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ কর্তৃক সম্পাদিত কার্যক্রম সমূহের ক্যাটাগরী ও ক্যাটালগ তৈরি/হালনাগাদকরণ, স্বতঃপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য তালিকা প্রণয়ন ও বিবিধ সংক্রান্ত সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় তথ্য অধিকার আইন, ২০০৯ এবং বিএফএসএ-এর করণীয় ও বাধ্যবাধকতা নিয়ে আলোচনা করা হয়। তথ্য অধিকার আইন, ২০০৯ এর গুরুত্ব অনুধাবন করে স্বতঃপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্যের তালিকা, চাহিদার ভিত্তিতে প্রদানযোগ্য তথ্যের তালিকা এবং তথ্য প্রদান বাধ্যতামূলক নয়, এমন তথ্যের তালিকা প্রণয়ন ও প্রকাশের নিমিত্ত নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

পরিশিষ্ট-১: বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের স্বতঃপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্যের তালিকা ও প্রকাশের মাধ্যমঃ

| ক্র. নং | তথ্যের বিবরণ | তথ্য প্রকাশের মাধ্যম |
|---|---|---|
| ১. | কর্তৃপক্ষের সাংগঠনিক কাঠামো ও কার্যক্রমের বিবরণ, কার্যপ্রণালি এবং দায়িত্বসমূহ | নোটিশ বোর্ড, তথ্য প্রদান ইউনিটে মুদ্রিত অনুলিপি, ওয়েবসাইট। |
| ২. | কর্তৃপক্ষের কর্মকর্তা ও কর্মচারীদের ক্ষমতা ও দায়িত্ব | প্রত্যেক অফিস/তথ্য প্রদান ইউনিটে মুদ্রত অনুলিপি, ওয়েবসাইট। |
| ৩. | সিদ্ধান্ত গ্রহণের পদ্ধতি, জবাবদিহিতা এবং তত্ত্বাবধানের মাধ্যম | প্রত্যেক অফিস/তথ্য প্রদান ইউনিটে মুদ্রত অনুলিপি, ওয়েবসাইট। |
| ৪. | কর্তৃপক্ষের কর্মকর্তা ও কর্মচারীর তথ্য | প্রত্যেক অফিস/তথ্য প্রদান ইউনিটে মুদ্রত অনুলিপি, ওয়েবসাইট। |
| ৫. | কার্যসম্পাদনের জন্য কর্তৃপক্ষের নিয়ন্ত্রণে রক্ষিত ও ব্যবহৃত আইন, বিধি-বিধান, নির্দেশনা, ম্যানুয়েল, ডকুমেন্ট এবং রেকর্ড | প্রত্যেক অফিস/তথ্য প্রদান ইউনিটে মুদ্রত অনুলিপি, ওয়েবসাইট। |
| ৬. | পরিকল্পনা প্রণয়ন ও সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত যে কোন ধরনের পরামর্শ/প্রতিনিধিত্ব, যা খাদ্য মন্ত্রণালয় কর্তৃক গৃহীত কার্যক্রমের বিবরণ। | প্রত্যেক অফিস তথ্য/প্রদান ইউনিটে মুদ্রত অনুলিপি, ওয়েবসাইট। |
| ৭. | নাম, পদবি, ঠিকানা, ফোন নম্বর এবং প্রযোজ্য ক্ষেত্রে ফ্যাক্স নম্বর ও ই-মেইল ঠিকানাসহ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও বিকল্প কর্মকর্তার নাম। | সংশ্লিষ্ট তথ্য প্রদান ইউনিট ও ওয়েবসাইট। |
| ৮. | নাম, পদবি, ঠিকানা, ফোন নম্বর এবং প্রযোজ্য ক্ষেত্রে ফ্যাক্স নম্বর ও ই-মেইল ঠিকানাসহ আপিল কর্তৃপক্ষের তালিকা | কর্তৃপক্ষের নোটিশ বোর্ড, সংশ্লিষ্ট তথ্য প্রদান ইউনিট ও ওয়েবসাইট। |
| ৯. | নিরাপদ খাদ্য বিষয়ক নীতি বিশ্লেষণ, পরিধারণ ও গবেষণার জন্য বিভিন্ন উৎস থেকে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করে, তথ্যের শ্রেণিবিন্যাসকরণ। | সংশ্লিষ্ট তথ্য প্রদান ইউনিট ও ওয়েবসাইট। |
| ১০. | নিয়োগ, বদলির আদেশ | সংশ্লিষ্ট তথ্য প্রদান ইউনিট ও ওয়েবসাইট। |

| ক্র. নং | তথ্যের বিবরণ | তথ্য প্রকাশের মাধ্যম |
|---|---|---|
| ১১. | কর্তৃপক্ষের বার্ষিক প্রতিবেদন | কর্তৃপক্ষের ওয়েবসাইট ও সংশ্লিষ্ট শাখা |
| ১২. | বার্ষিক ক্রয় পরিকল্পনা, বিভিন্ন ক্রয় সংক্রান্ত বিজ্ঞপ্তি | কর্তৃপক্ষের ওয়েবসাইট, সংশ্লিষ্ট শাখা ও নোটিশ বোর্ড |
| ১৩. | বিভিন্ন সভার বিজ্ঞপ্তি | কর্তৃপক্ষের ওয়েবসাইট ও নোটিশ বোর্ড |
| ১৪. | জাতীয় দিবস উদযাপন, সরকারি ও গুরুত্বপূর্ণ অনুষ্ঠান উদযাপন | কর্তৃপক্ষের ওয়েবসাইট ও সংশ্লিষ্ট শাখা |
| ১৫. | কর্তৃপক্ষের সিটিজেন চার্টার | কর্তৃপক্ষের ওয়েবসাইট ও সংশ্লিষ্ট শাখা |
| ১৬. | অভিযোগ ও প্রতিকার সম্পর্কিত তথ্য | কর্তৃপক্ষের ওয়েবসাইট ও সংশ্লিষ্ট শাখা |
| ১৭. | কর্তৃপক্ষের শুদ্ধাচার বাস্তবায়ন সম্পর্কিত তথ্য | কর্তৃপক্ষের ওয়েবসাইট ও সংশ্লিষ্ট শাখা |
| ১৮. | তথ্য অধিকার আইন সংক্রান্ত তথ্য | কর্তৃপক্ষের ওয়েবসাইট ও সংশ্লিষ্ট শাখা |
| ১৯. | কর্তৃপক্ষের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | কর্তৃপক্ষের ওয়েবসাইট ও সংশ্লিষ্ট শাখা |
| ২০. | কর্তৃপক্ষ কর্তৃক প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত তথ্য | কর্তৃপক্ষের ওয়েবসাইট ও সংশ্লিষ্ট শাখা |
| ২১. | উদ্ভাবন বিষয়ক তথ্যাবলি, ইনোভেশন টিম সংক্রান্ত | কর্তৃপক্ষের ওয়েবসাইট ও সংশ্লিষ্ট শাখা |
| ২২. | বিভিন্ন প্রকার নোটিশ, প্রজ্ঞাপন, বিজ্ঞাপন, বিজ্ঞপ্তি, গণবিজ্ঞপ্তি | কর্তৃপক্ষের ওয়েবসাইট, সংশ্লিষ্ট শাখা ও নোটিশ বোর্ড |
| ২৩. | প্রচার-প্রচারণা পরিকল্পনা ২০২২-২০২৩ | ওয়েবসাইট |
| ২৪. | হোটেল গ্রেডিং তালিকা | তথ্য প্রদান ইউনিট ও ওয়েবসাইট |
| ২৫. | সমন্বয় কমিটিসমূহ, কারিগরী কমিটিসমূহ | ওয়েবসাইট ও তথ্য প্রদান ইউনিট |
| ২৬. | ভেজাল বিরোধী অভিযান/মোবাইল কোর্ট | ওয়েবসাইট ও তথ্য প্রদান ইউনিট |
| ২৭. | বাজার/খাদ্য স্থাপনা মনিটরিং | ওয়েবসাইট ও তথ্য প্রদান ইউনিট |
| ২৮. | খাদ্য নিরাপদতার লক্ষ্যে গৃহীত অন্যান্য কার্যক্রম যেমন: ইমার্জেন্সি রেসপন্স, সতর্কীকরণ বিজ্ঞপ্তি ইত্যাদি | কর্তৃপক্ষের ওয়েবসাইট |
| ২৯. | ত্রৈমাসিক বার্তা | কর্তৃপক্ষের ওয়েবসাইট |

**পরিশিষ্ট-২: চাহিদার ভিত্তিতে প্রদানযোগ্য তথ্যের তালিকাঃ**

নিম্নলিখিত তথ্যসমূহ জনগণের চাহিদার ভিত্তিতে প্রদান করা হবে-

- স্বতঃপ্রণোদিতভাবে প্রকাশিত সকল তথ্য;
- নিরাপদ খাদ্য ও বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ সংশ্লিষ্ট আইন, বিধিমালা, নীতিমালা, সার্কুলার, আদেশ ইত্যাদি;
- বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের বাজেট;
- আর্থিক তথ্য, যেমন-আয়/ব্যয় সংক্রান্ত হিসাব বিবরণী;
- প্রকল্পের ব্যয় সংক্রান্ত তথ্য;
- আমদানি/রপ্তানি ও ক্রয়/বিক্রয় কার্যক্রম সংক্রান্ত তথ্য (সিদ্ধান্ত গ্রহণের পর);
- দেশে বা বিদেশ ভ্রমণ সংক্রান্ত তথ্যাদি;
- গ্রেডিংকৃত রেস্টুরেন্টের তালিকা;
- উপকারভোগীর তালিকা;
- নিয়োগ বদলির আদেশ;
- মোবাইল কোর্ট সম্পাদনের তথ্য;
- নিরাপদ খাদ্য বিষয়ক গুরুত্বপূর্ণ ডকুমেন্ট;
- প্রদান বাধ্যতামূলক নয়, এমন তথ্য (পরিশিষ্ট-৩) ব্যতীত অন্য সকল তথ্য;

**পরিশিষ্ট-৩: তথ্য প্রদান বাধ্যতামূলক নয়, এমন তথ্যের তালিকাঃ**

(ক) কোন তথ্য প্রকাশের ফলে বাংলাদেশের নিরাপত্তা, অখন্ডতা ও সার্বভৌমত্বের প্রতি হুমকি হইতে পারে এইরূপ তথ্য;

(খ) পররাষ্ট্রনীতির কোন বিষয় যাহার দ্বারা বিদেশি রাষ্ট্রের অথবা আন্তর্জাতিক কোন সংস্থা বা আঞ্চলিক কোন জোট বা সংগঠনের সহিত বিদ্যমান সম্পর্ক ক্ষুণ্ন হইতে পারে এমন তথ্য;

(গ) কোন বিদেশি সরকারের নিকট হইতে প্রাপ্ত কোন গোপনীয় তথ্য;

(ঘ) কোন তথ্য প্রকাশের ফলে কোন তৃতীয় পক্ষের বুদ্ধিবৃত্তিক সম্পদের অধিকার ক্ষতিগ্রস্ত হইতে পারে এইরূপ বাণিজ্যিক বা ব্যবসায়িক অন্তর্নিহিত গোপনীয়তা বিষয়ক, কপিরাইট বা বুদ্ধিবৃত্তির সম্পদ (Intellectual Property Right) সম্পর্কিত তথ্য;

(ঙ) কোন তথ্য প্রকাশের ফলে কোন বিশেষ ব্যক্তি বা সংস্থাকে লাভবান বা ক্ষতিগ্রস্ত করিতে পারে এইরূপ কোন তথ্য; যথাঃ

(অ) আয়কর, শুল্ক, ভ্যাট ও আবগারি আইন, বাজেট বা করহার পরিবর্তন সংক্রান্ত কোন আগাম তথ্য;

(আ) মুদ্রার বিনিময় ও সুদের হার পরিবর্তনজনিত কোন আগাম তথ্য;

(ই) ব্যাংকসহ আর্থিক প্রতিষ্ঠানসমূহের পরিচালনা ও তদারকি সংক্রান্ত কোন আগাম তথ্য;

(চ) কোন তথ্য প্রকাশের ফলে প্রচলিত আইনের প্রয়োগ বাধাগ্রস্ত হইতে পারে বা অপরাধ বৃদ্ধি পাইতে পারে এইরূপ তথ্য;

(ছ) কোন তথ্য প্রকাশের ফলে জনগণের নিরাপত্তা বিঘ্নিত হইতে পারে বা বিচারাধীন মামলাল সুষ্ঠু বিচার কার্য ব্যাহত হইতে পারে এইরূপ তথ্য;

(জ) কোন তথ্য প্রকাশের ফলে কোন ব্যক্তির ব্যক্তিগত জীবনের গোপনীয়তা ক্ষুণ্ন হইতে পারে এইরূপ তথ্য;

(ঝ) কোন তথ্য প্রকাশের ফলে কোন ব্যক্তির জীবন বা শারীরিক নিরাপত্তা বিপদাপন্ন হইতে পারে এইরূপ তথ্য;

(ঞ) আইন প্রয়োগকারী সংস্থার সহায়তার জন্য কোন ব্যক্তি কর্তৃক গোপনে প্রদত্ত কোন তথ্য;

(ট) আদালতে বিচারাধীন কোন বিষয় এবং যাহা প্রকাশ্যে আদালত বা ট্রাটইবুনালের নিষেধাজ্ঞা রহিয়াছে অথবা যাহার প্রকাশ আদালত অবমাননার শামিল এইরূপ তথ্য;

(ঠ) তদন্তাধীন কোন বিষয় যাহার প্রকাশ তদন্ত কাজে বিঘ্ন ঘটাইতে পারে এইরূপ তথ্য;

(ড) কোন অপরাধের তদন্ত প্রক্রিয়া এবং অপরাধীর গ্রেফতার ও শাস্তিকে প্রভাবিত করিতে পারে এইরূপ তথ্য;

(ঢ) আইন অনুসারে কেবল একটি নির্দিষ্ট সময়ের জন্য প্রকাশের বাধ্যবাধকতা রহিয়াছে এইরূপ তথ্য;

(ণ) কৌশলগত ও বাণিজ্যিক কারণে গোপন রাখা বাঞ্ছনীয় এইরূপ কারিগরি বা বৈজ্ঞানিক গবেষণালব্ধ কোন তথ্য;

(ত) কোন ক্রয় কার্যক্রম সম্পূর্ণ হইবার পূর্বে বা উক্ত বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের পূর্বে সংশ্লিষ্ট ক্রয় বা উহার কার্যক্রম সংক্রান্ত কোন তথ্য ;

(থ) জাতীয় সংসদের বিশেষ অধিকার হানির কারণ হইতে পারে এইরূপ তথ্য;

(দ) কোন ব্যক্তির আইন দ্বারা সংরক্ষিত গোপনীয় তথ্য;

(ধ) পরীক্ষার প্রশ্নপত্র বা পরীক্ষায় প্রদত্ত নম্বর সম্পর্কিত আগাম তথ্য;

(ন) মন্ত্রিপরিষদ বা, ক্ষেত্রমত, উপদেষ্টা পরিষদের বৈঠকে উপস্থাপনীয় সার-সংক্ষেপসহ আনুষঙ্গিক দলিলাদি এবং উক্তরূপ বৈঠকের আলোচনা ও সিদ্ধান্ত সংক্রান্ত কোন তথ্য;

তবে শর্ত থাকে যে, মন্ত্রিপরিষদ বা ক্ষেত্রমত, উপদেষ্টা পরিষদ কর্তৃক কোন সিদ্ধান্ত গৃহীত হইবার পর অনুরূপ সিদ্ধান্তের কারণ এবং যে সকল বিষয়ের উপর ভিত্তি করিয়া সিদ্ধান্তটি গৃহীত হইয়াছে উহা প্রকাশ করা যাইবে। আরো শর্ত

থাকে যে, এই ধারার অধীন তথ্য প্রদান স্থগিত রাখিবার ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে তথ্য কমিশনের পূর্বানুমোদন গ্রহণ করিতে হইবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২২/১২/২২

আব্দুন নাসের খান
সচিব
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
ফোন: +৮৮০২-২২২২২৩৪৩৬
ই-মেইল: **secretary@bfsa.gov.bd**

স্মারক নম্বর: ১৩.০২.০০০০.৮৫০.৫১.০০১.২১-১৪১ তারিখ: ২২ ডিসেম্বর ২০২২ খ্রি.

**অনুলিপি: (সদয় অবগতি ও কার্যার্থে)**
১. সদস্য (সকল), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ;
২. পরিচালক (সকল), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ;
৩. অতিরিক্ত পরিচালক (সকল), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ;
৪. সহকারী পরিচালক (পরিসংখ্যান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ;
৫. পিএস টু চেয়ারম্যান, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ। **(চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য);**
৬. নথি।

২২/১২/২২

এস.এম. নুরুজ্জামান
পরিসংখ্যান কর্মকর্তা
ও
সদস্য- সচিব (তথ্য অধিকার বিষয়ক কমিটি)
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ